



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১২

তারিখ: ১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

#### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬-০৬-২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৯০.১৯.০০৪.১৮.৫৯ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক প্রফেসর মো: রেজাউল করিম প্রধান (আইডি-১৩০৫২), অধ্যাপক (গণিত)-কে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: অধ্যক্ষ হিসেবে (সদ্য সরকারিকৃত) শেরপুর সরকারি কলেজ, শেরপুর, বগুড়া পদায়ন করা হয়। সে মোতাবেক উক্ত কর্মকর্তা পদায়নকৃত পদ ও কর্মস্থলে ০৮-০৬-২০২৩ তারিখে যোগদান করেন। কলেজের শিক্ষক-কর্মচারীদের রাজস্বখাতে অস্থায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় প্রশাসনিক ও আর্থিক কার্যাদি পরিচালনার লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে প্রফেসর মো: রেজাউল করিম প্রধান (আইডি-১৩০৫২)-কে সরকারি ও বিভিন্ন আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব পালনের লক্ষ্যে শর্ত মোতাবেক আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৩-০১-২০২৪

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক

ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.১২/১ (১১)

তারিখ: ১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০৩ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ৪। জেলা প্রশাসক, -----;
- ৫। প্রফেসর মো: রেজাউল করিম প্রধান (আইডি-১৩০৫২), শেরপুর সরকারি কলেজ, শেরপুর, বগুড়া;
- ৬। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, -----;
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৯। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ১০। ব্যাংক ম্যানেজার, ----- এবং
- ১১। সংরক্ষণ নথি।



*Handwritten signature*

০৩-০১-২০২৪  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক